কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা, ঢাকা

মনিটরিং বিভাগ

স্মারক নং-১২.০৬.০০০০.২২১.১৬.০০৭.২৫-১৯০ তারিখ: ১৮ মে, ২০২৬।

বিষয়: বিএডিসি'র প্রকল্প ও কার্যক্রমসমূহের এপ্রিল, ২০২৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।

বিএডিসি কর্তৃক ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়নাধীন প্রকল্প ও কার্যক্রমসমূহের এপ্রিল, ২০২৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা গত ১৪ মে, ২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী এসঙ্গে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ০৪ জুন, ২০২৬ তারিখের মধ্যে মনিটরিং বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


মো. আ. ছাত্তার গাজী
প্রধান (মনিটরিং), বিএডিসি
ফোন: ২২৩৩৮০৯৪৯
ই-মেইল: monitoringbadc@gmail.com


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা/ ক্ষুদ্রসেচ/অর্থ/বীজ ও উদ্যান), বিএডিসি, ঢাকা।
০২. সচিব, বিএডিসি, ঢাকা।
০৩. প্রধান (মনিটরিং/পরিকল্পনা), বিএডিসি, ঢাকা।
০৪. হিসাব নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
০৫. মহাব্যবস্থাপক (উদ্যান/এএসসি/ বীজ/ পাটবীজ/সার ব্যবস্থাপনা/ অর্থ),বিএডিসি, ঢাকা।
০৬. প্রধান প্রকৌশলী (সেচ/নির্মাণ/ সওকা), বিএডিসি, ঢাকা।
০৭. উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়।
০৮. অতি. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ-পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল), বিএডিসি, ঢাকা।
০৯. অতি. মহাব্যবস্থাপক (খামার/বীপ্রস/বীবি/ক.গ্রো./আলুবীজ),বিএডিসি, ঢাকা।
১০. প্রধান সমন্বয়কারী, গবেষনা সেল/ ব্যবস্থাপক (বিক্রয়) সার/ উদ্যান/ এএসসি, বিএডিসি, ঢাকা।
১১. যুগ্মপরিচালক (সংস্থাপন/ডাল ও তৈল/বীউ/সবজিবীজ)/সা.প./ উপপ্রধান প্রকৌ. (জওঅ/ মিশু), বিএডিসি।
১২. উপপরিচালক (আইন), বিএডিসি।
১৩. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, বিএডিসি, ঢাকা: **ওয়েবসাইটে প্রকাশের জন্য।**
১৪. চেয়ারম্যানের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা: **চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।**
১৫. কম্পোনেন্ট ডিরেক্টর, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (বিএডিসি অঙ্গ), বিএডিসি, সেচ ভবন, ঢাকা।
১৬. প্রকল্প পরিচালক, বিএডিসি'র বিদ্যমান সার গুদামসমূহের রক্ষণাবেক্ষণ, পুনর্বাসন এবং নতুন গুদাম নির্মাণের মাধ্যমে সার ব্যবস্থাপনা কার্যক্রম জোরদারকরণ প্রকল্প (২য় পর্যায়), বিএডিসি।
১৭. প্রকল্প পরিচালক, মানসম্পন্ন বীজ আলু উৎপাদন ও সংরক্ষণ এবং কৃষক পর্যায়ে বিতরণ জোরদারকরণ প্রকল্প, বিএডিসি।
১৮. প্রকল্প পরিচালক, নোয়াখালী জেলার সুবর্ণচর উপজেলায় ডাল ও তৈলবীজ বর্ধন খামার আধুনিকীকরণ এবং চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে বীজ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ প্রকল্প, বিএডিসি।
১৯. প্রকল্প পরিচালক, জীবপ্রযুক্তির মাধ্যমে কৃষিবীজ উন্নয়ন ও বর্ধিতকরণ প্রকল্প।
২০. প্রকল্প পরিচালক, বাংলাদেশের সেচের পানি ব্যবস্থাপনা এবং ওয়েব বেইজ কৃষি তথ্য ব্যবস্থা গড়ার লক্ষ্যে পাইলট গবেষণা প্রকল্প।

২১. প্রকল্প পরিচালক, আম ও অন্যান্য সতেজ কৃষি পণ্যের রপ্তানি বৃদ্ধিতে বাষ্প তাপ প্রয়োগ প্লান্ট স্থাপন প্রকল্প, বিএডিসি।

২২. প্রকল্প পরিচালক, বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে বীজ বর্ধন খামার স্থাপন প্রকল্প, বিএডিসি।

২৩. প্রকল্প সমন্বয়ক, Program on Agricultural and Rural Transformation for Nutrition, Entrepreneurship and Resilience (PARTNER) (বিএডিসি অঙ্গ)

২৪. প্রকল্প সমন্বয়ক, তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্প (বিএডিসি অঙ্গ)।

২৫. প্রকল্প পরিচালক, বরিশাল, ভোলা, ঝালকাঠী ও পিরোজপুর জেলা সেচ উন্নয়ন প্রকল্প।

২৬. প্রকল্প পরিচালক, চট্টগ্রাম ও কক্সবাজার জেলার ভূউপরিস্থ পানির মাধ্যমে সেচ উন্নয়ন প্রকল্প, বিএডিসি।

২৭. প্রকল্প পরিচালক, কৃষক পর্যায়ে বিএডিসি'র বীজ সরবরাহ কার্যক্রম জোরদারকরণ প্রকল্প, বীবি বিভাগ, বিএডিসি।

২৮. প্রকল্প পরিচালক, পানি সাশ্রয়ী সেচ প্রযুক্তি এবং পলিশেড নির্মাণের মাধ্যমে নিরাপদ সবজি, ফল ও ফুল উৎপাদন প্রকল্প, বিএডিসি।

২৯. প্রকল্প পরিচালক, সিলেট বিভাগে ভূউপরিস্থ পানি ব্যবস্থাপনা ও ব্যবহারের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি প্রকল্প, বিএডিসি।

৩০. প্রকল্প পরিচালক, ডাল ও তৈলবীজ উৎপাদনের মাধ্যমে টেকসই পুষ্টি নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প, বিএডিসি।

৩১. প্রকল্প পরিচালক, ধান, গম ও ভূট্টার উন্নততর বীজ উৎপাদন ও উন্নয়ন প্রকল্প, বিএডিসি।

৩২. প্রকল্প পরিচালক, বিএডিসি'র বিদ্যমান বীজ উৎপাদন, প্রক্রিয়াজতকরণ ও বিতরণ ব্যবস্থাদির আধুনিকীকরণ এবং উন্নয়ন প্রকল্প, বিএডিসি।

৩৩. প্রকল্প পরিচালক, খুলনা, সাতক্ষীরা ও বাগেরহাট জেলার সেচ ব্যবস্থাপনার উন্নয়ন প্রকল্প, বিএডিসি।

৩৪. উপ-প্রকল্প পরিচালক, Bangladesh Sustainable Recovery, Emergencey Preparedness and Response Project (B-STRONG) Agriculture System Restoration Component (BADC Part).

৩৫. ফোকাল পয়েন্ট কর্মকর্তা, কিশোরগঞ্জ ও নেত্রকোণা জেলার হাওর এলাকার ক্ষুদ্রসেচ ব্যবস্থাপনার উন্নয়ন প্রকল্প, বিএডিসি।

৩৬. ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আশুগঞ্জ-পলাশ সবুজ প্রকল্প, বিএডিসি।

৩৭. কার্যক্রম পরিচালক, বীজবর্ধন খামারের মাধ্যমে উন্নতমানের দানাশস্য বীজ উৎপাদন কার্যক্রম, বিএডিসি।

৩৮. কার্যক্রম পরিচালক, চুক্তিবদ্ধ চাষিদের মাধ্যমে উন্নতমানের দানাশস্য বীজ উৎপাদন কার্যক্রম, বিএডিসি।

৩৯. কার্যক্রম পরিচালক, উন্নতমানের দানাশস্য বীজ সংগ্রহ, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ কার্যক্রম, বিএডিসি।

৪০. কার্যক্রম পরিচালক, পাটবীজ কার্যক্রম, বিএডিসি।

৪১. কার্যক্রম পরিচালক, এগ্রো সার্ভিস সেন্টার কার্যক্রম, বিএডিসি।

৪২. কার্যক্রম পরিচালক, জাতীয় সবজি বীজ কার্যক্রম, বিএডিসি।

৪৩. কার্যক্রম পরিচালক, বীজের আপৎকালীন মজুদ ও তার ব্যবস্থাপনা কার্যক্রম, বিএডিসি।

কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা, ঢাকা
মনিটরিং বিভাগ

**বিষয়ঃ বিএডিসি কর্তৃক ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়নাধীন প্রকল্প ও কার্যক্রমসমূহের এপ্রিল, ২০২৬ পর্যন্ত অগ্রগতির ওপর অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ আজিজুল ইসলাম, (অতিরিক্ত সচিব) চেয়ারম্যান, বিএডিসি।
তারিখ : ১৪ মে, ২০২৬।
সময় : সকাল ১০:০০ ঘটিকা।

সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি তাঁর বক্তব্যে উল্লেখ করেন যে, বিএডিসি প্রকল্পনির্ভর প্রতিষ্ঠান বিধায় নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের দক্ষ ও মানসম্পন্ন বাস্তবায়নের উপর বিএডিসি তথা সরকারের ভাবমূর্তি নির্ভরশীল। তাই সংশ্লিষ্ট সকল প্রকল্প পরিচালককে অনুমোদিত ডিপিপি, এপিপি অনুযায়ী পিপিআর অনুসরণে প্রকল্পের কাজসমূহ যথাযথভাবে এবং নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন। বিএডিসি'র সদর দপ্তরের সংশ্লিষ্ট উইং প্রধান এবং সিনিয়র কর্মকর্তাগণকে প্রকল্পের কাজসমূহ নিয়মিত মনিটরিং করার মাধ্যমে কাজের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতসহ প্রাচীন এ প্রতিষ্ঠানের সুনাম অক্ষুন্ন রাখতে তিনি আহবান জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জনাব মো. আ. ছাত্তার গাজী, প্রধান (মনিটরিং), বিএডিসি এপ্রিল, ২০২৬ মাস পর্যন্ত এডিপি বাস্তবায়ন অগ্রগতির বিভিন্ন তথ্য উপস্থাপন করেন।

০২. সভাকে অবহিত করা হয় যে, ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়নাধীন বিএডিসি'র ২০টি প্রকল্পে এডিপি বরাদ্দ ১৭৪২.৮৮ কোটি টাকা, অবমুক্ত হয়েছে ১২৪৯.৬৩ কোটি টাকা এবং ব্যয় হয়েছে ১১২৯.৫৩ কোটি টাকা, যা মোট এডিপি বরাদ্দের ৬৫%। সভায় প্রকল্প ও কার্যক্রমওয়ারী দরপত্র, ভৌত ও আর্থিক অগ্রগতির বিস্তারিত তথ্যাদি নিম্নোক্তভাবে উপস্থাপন করা হয়:

**২.১: ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের এপ্রিল, ২০২৬ পর্যন্ত দরপত্র অগ্রগতি:**

| ক্র. | প্রকল্পের নাম | বাস্তবায়নকাল | লক্ষ্যমাত্রা | আহবান | কার্যাদেশ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১. | স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (বিএডিসি অংশ) | জুলাই' ১৮- জুন '২৬ | ০ | ০ | ০ | প্রকল্পের শেষ বছরে কোন দরপত্রের লক্ষ্যমাত্রা নেই। বিগত বছরের কার্যাদেশের অবশিষ্ট কাজ বাস্তবায়ন করা হচ্ছে। |
| ০২. | বাংলাদেশের সেচের পানি ব্যবস্থাপনা এবং ওয়েব বেইজ কৃষি তথ্য ব্যবস্থা গড়ার লক্ষ্যে পাইলট গবেষণা প্রকল্প। | জুলাই '২১-জুন '২৬ | ১ | ১ | ১ | |
| ০৩. | বরিশাল, ভোলা, ঝালকাঠী ও পিরোজপুর জেলা সেচ উন্নয়ন প্রকল্প। | সেপ্টে.'২৩-ডিসে.'২৬ | ১৫ | ১৫ | ১৫ | |
| ০৪. | চট্টগ্রাম ও কক্সবাজার জেলার ভূউপরিস্থ পানির মাধ্যমে সেচ উন্নয়ন প্রকল্প। | জুলাই '২৩-জুন '২৮ | ৪৭ | ৪৭ | ৪৭ | |
| ০৫. | পানি সাশ্রয়ী সেচ প্রযুক্তি এবং পলিশেড নির্মাণের মাধ্যমে নিরাপদ সবজি, ফল ও ফুল উৎপাদন প্রকল্প। | জুলাই '২৩- জুন '২৮ | ১৯ | ১৯ | ১৬ | |
| ০৬. | সিলেট বিভাগে ভূউপরিস্থ পানি ব্যবস্থাপনা ও ব্যবহারের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি প্রকল্প। | জানু '২৫-ডিসে '২৯ | ৪৭ | ৪৭ | ৪৭ | |
| ০৭. | Bangladesh Sustainable Recovery, Emergency Preparedness and Response Project (B-STRONG) Agriculture System Restoration Component. (BADC Part) | এপ্রিল '২৫-জুন '২৮ | ১৫ | ১৫ | ১৪ | |
| ০৮. | খুলনা, সাতক্ষীরা ও বাগেরহাট জেলার সেচ ব্যবস্থাপনার উন্নয়ন প্রকল্প। | জুলাই'২৫-জুন '৩০ | ৪৭ | ৪৩ | ৩৫ | |
| ০৯. | বিএডিসি'র বিদ্যমান সার গুদামসমূহের রক্ষণাবেক্ষণ, পুনর্বাসন এবং নতুন গুদাম নির্মাণের মাধ্যমে সার ব্যবস্থাপনা কার্যক্রম জোরদারকরণ প্রকল্প। | জুলাই '১৯-জুন '২৬ | ০ | ০ | ০ | |
| ১০. | মানসম্পন্ন বীজ আলু উৎপাদন ও সংরক্ষণ এবং কৃষক পর্যায়ে বিতরণ জোরদারকরণ প্রকল্প। | সেপ্টে.'১৯- জুন '২৭ | ০ | ০ | ০ | প্রকল্পটি সমাপ্তির জন্য নির্ধারিত ছিল। ফলে চলতি বছরে কোন দরপত্র লক্ষ্যমাত্রা নেই। তবে আরও ০৪টি নতুন হিমাগার নির্মাণের সংস্থান রেখে প্রকল্পের মেয়াদ সম্প্রতি আরও ০২ বছর বৃদ্ধি করা হয়েছে। |
| ১১. | জীবপ্রযুক্তির মাধ্যমে কৃষিবীজ উন্নয়ন ও বর্ধিতকরণ প্রকল্প। | জুলাই '২১-জুন '২৬ | ৭ | ৭ | ৭ | |
| ১২. | আম ও অন্যান্য সতেজ কৃষি পণ্যের রপ্তানি বৃদ্ধিতে বাষ্প তাপ প্রয়োগ প্লান্ট স্থাপন প্রকল্প। | জুলাই '২২-জুন '২৬ | ৭ | ৭ | ৭ | |
| ১৩. | বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে বীজ বর্ধন খামার স্থাপন প্রকল্প। | মার্চ'২২-সেপ্টে.'২৬ | ০ | ০ | ০ | |
| ১৪. | Program on Agricultural and Rural Transformation for Nutrition, Entrepreneurship and Resilience (PARTNER) (BADC Part) | জুলাই '২৩-জুন '২৮ | ১৮ | ১৫ | ১৫ | |
| ১৫. | কৃষক পর্যায়ে বিএডিসি'র বীজ সরবরাহ কার্যক্রম জোরদারকরণ প্রকল্প। | সেপ্টে.'২৩- জুন '২৭ | ৬৫ | ৫৮ | ৫৮ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৬. | ডাল ও তৈলবীজ উৎপাদনের মাধ্যমে টেকসই পুষ্টি নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প। | জানু.'২৫-জুন '২৯ | ১৬ | ১৬ | ১৬ | |
| ১৭. | তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্প (বিএডিসি অঙ্গ)। | জুলাই '২০-জুন '২৬ | ১ | ১ | ০ | |
| ১৮. | ধান, গম ও ভূট্টার উন্নততর বীজ উৎপাদন ও উন্নয়ন প্রকল্প। | মার্চ '২৫-জুন '২৯ | ৩৯ | ৩১ | ২৯ | |
| ১৯. | বিএডিসি'র বিদ্যমান বীজ উৎপাদন, প্রক্রিয়াজতকরণ ও বিতরণ ব্যবস্থাদির আধুনিকীকরণ এবং উন্নয়ন প্রকল্প। | মার্চ '২৫- জুন '২৯ | ১২৫ | ১২৪ | ৬৫ | |
| ২০. | নোয়াখালী জেলার সুবর্ণচর উপজেলায় ডাল ও তৈলবীজ বর্ধন খামার আধুনিকীকরণ এবং চুক্তিবদ্ধ চাষিদের মাধ্যমে বীজ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ প্রকল্প। | এপ্রিল'২০-ডিসে.'২৫ | ০ | ০ | ০ | প্রকল্পের শেষ বছরে কোন দরপত্রের লক্ষ্যমাত্রা নেই। বিগত বছরের কার্যাদেশের অবশিষ্ট কাজ বাস্তবায়ন করা হয়েছে। |
| | | | ৪৬৯ | ৪৪৭ | ৪৩৩ | |

## ২.২: ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের এপ্রিল, ২০২৬ পর্যন্ত আর্থিক ও ভৌত অগ্রগতি

(কোটি টাকা)

| ক্র. নং | প্রকল্পের নাম | বাস্তবায়নকাল | প্রকল্প ব্যয় | আরএডিপি বরাদ্দ (২৫-২৬) | অর্থ অবমুক্ত | আর্থিক অগ্রগতি | ভৌত অগ্রগতি (%) | ক্রমপুঞ্জিভূত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | আর্থিক | ভৌত (%) |
| ০১. | স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (বিএডিসি অঙ্গ) | জুলাই' ১৮- জুন '২৬ | ৩৮৪.২১ | ৫৭.৯৭ | ৫১.৬০ (৮৯%) | ৪০.৯০ (৭১%) | ৯০% | ৩৬৬.৭৪ (৯৫%) | ৯৬% |
| ০২. | বাংলাদেশের সেচের পানি ব্যবস্থাপনা এবং ওয়েব বেইজ কৃষি তথ্য ব্যবস্থা গড়ার লক্ষ্যে পাইলট গবেষণা প্রকল্প। | জুলাই '২১-জুন '২৬ | ৭৩.২৪ | ১৬.৬৭ | ১২.২৫ (৭৩%) | ১০.০৬ (৬০%) | ৭৮% | ৫৬.৬৩ (৭৭%) | ৮২% |
| ০৩. | বরিশাল, ভোলা, ঝালকাঠী ও পিরোজপুর জেলা সেচ উন্নয়ন প্রকল্প। | সেপ্টে.'২৩-ডিসে.'২৬ | ৩৪৮.৯১ | ১১৮.৫২ | ৭৮.১৩ (৬৬%) | ৭২.৩৭ (৬১%) | ৮০% | ২০৭.১৯ (৫৯%) | ৮২% |
| ০৪. | চট্টগ্রাম ও কক্সবাজার জেলার ভূউপরিস্থ পানির মাধ্যমে সেচ উন্নয়ন প্রকল্প। | জুলাই '২৩-জুন '২৮ | ৬০২.২৬ | ১৮০.০০ | ১৩১.১৮ (৭৩%) | ১৩০.৮২ (৭৩%) | ৭৫% | ৩৯৭.৭৬ (৬৬%) | ৬৭% |
| ০৫. | পানি সাশ্রয়ী সেচ প্রযুক্তি এবং পলিশেড নির্মাণের মাধ্যমে নিরাপদ সবজি, ফল ও ফুল উৎপাদন প্রকল্প। | জুলাই '২৩- জুন '২৮ | ২০১.৪৭ | ৮২.০০ | ৫২.৩৮ (৬৪%) | ৫১.১২ (৬২%) | ৭০% | ৭৮.১৫ (৩৯%) | ৪২% |
| ০৬. | সিলেট বিভাগে ভূউপরিস্থ পানি ব্যবস্থাপনা ও ব্যবহারের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি প্রকল্প। | জানু '২৫-ডিসে '২৯ | ৪৯৯.৯৯ | ২০০.০০ | ১৫০.০০ (৭৫%) | ১৪৯.৯৯ (৭৫%) | ৮৫% | ১৪৯.৯৯ (৩০%) | ৩৫% |
| ০৭. | Bangladesh Sustainable Recovery, Emergencey Preparedness and Response Project (B-STRONG) Agriculture System Restoration Component. (BADC Part) | এপ্রিল '২৫-জুন '২৮ | ১২৯.০৮ | ৬১.৩৭ | ১০.৬৯ (১৭%) | ৮.৯৭ (১৫%) | ৮৫% | ৮.৯৭ (৭%) | ৪০% |
| ০৮. | খুলনা, সাতক্ষীরা ও বাগেরহাট জেলার সেচ ব্যবস্থাপনার উন্নয়ন প্রকল্প। | জুলাই'২৫-জুন '৩০ | ৪৯৯.৮২ | ৮০.৪০ | ৪২.৩০ (৫৩%) | ২৭.০৪ (৩৪%) | ৬৬% | ২৭.০৪ (৫%) | ১৫% |
| ০৯. | বিএডিসি'র বিদ্যমান সার গুদামসমূহের রক্ষণাবেক্ষণ, পুনর্বাসন এবং নতুন গুদাম নির্মাণের মাধ্যমে সার ব্যবস্থাপনা কার্যক্রম জোরদারকরণ প্রকল্প। | জুলাই '১৯-জুন '২৬ | ৩৫০.৮৮ | ৪০.৬৭ | ২৮.৩১ (৭০%) | ২৫.৪৯ (৬৩%) | ৬৮% | ৩৩৫.৬৯ (৯৬%) | ৯৭% |
| ১০. | মানসম্পন্ন বীজ আলু উৎপাদন ও সংরক্ষণ এবং কৃষক পর্যায়ে বিতরণ জোরদারকরণ প্রকল্প। (২য় সংশোধিত) | সেপ্টে.'১৯- জুন '২৭ | ১১৩৮.৭৪ | ৬১.৮৩ | ৭.৪৪ (১২%) | ৭.৪৪ (১২%) | ৬৭% | ৭৪৩.২০ (৬৫%) | ৬৮% |
| ১১. | জীবপ্রযুক্তির মাধ্যমে কৃষিবীজ উন্নয়ন ও বর্ধিতকরণ প্রকল্প। | জুলাই '২১-জুন '২৬ | ৮১.০৭ | ২৫.৬২ | ১৯.৩১ (৭৫%) | ১৪.৮৭ (৫৮%) | ৭৯% | ৭১.১৪ (৮৮%) | ৯১% |
| ১২. | আম ও অন্যান্য সতেজ কৃষি পণ্যের রপ্তানি বৃদ্ধিতে বাষ্প তাপ প্রয়োগ প্লান্ট স্থাপন প্রকল্প। | জুলাই '২২-জুন '২৬ | ৩১.১০ | ৬.২০ | ০.৯৮ (১৬%) | ০.৯৭ (১৬%) | ৬০% | ২৫.১০ (৮১%) | ৯১% |
| ১৩. | বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে বীজ বর্ধন খামার স্থাপন প্রকল্প। | মার্চ '২২-সেপ্টে.'২৬ | ৪৭৮.৩৬ | ২৭৭.৬৬ | ২৬১.১২ (৯৪%) | ২৬০.৭৯ (৯৪%) | ৯৬% | ৩১৩.০৭ (৬৫%) | ৭৫% |
| ১৪. | Program on Agricultural and Rural Transformation for Nutrition, Entrepreneurship and Resilience (PARTNER) (BADC Part) | জুলাই '২৩-জুন '২৮ | ৯৯০.০৪ | ১০৬.২১ | ৭৪.৫৪ (৭০%) | ৬৫.৩৪ (৬২%) | ৬৮% | ৩৭২.৭৯ (৩৮%) | ৪৪% |
| ১৫. | কৃষক পর্যায়ে বিএডিসি'র বীজ সরবরাহ কার্যক্রম জোরদারকরণ প্রকল্প। | সেপ্টে.'২৩- জুন '২৭ | ২৮২.৬২ | ৭১.০০ | ৬৪.৩১ (৯১%) | ৫৫.০৭ (৭৮%) | ৮২% | ১৪৯.৩৮ (৫৩%) | ৫৮% |
| ১৬. | ডাল ও তৈলবীজ উৎপাদনের মাধ্যমে টেকসই পুষ্টি নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প। | জানু.'২৫-জুন '২৯ | ২৬৫.৭৮ | ৮০.৯৪ | ৬৬.২৪ (৮২%) | ৩৮.০১ (৪৭%) | ৮৫% | ৩৮.০১ (১৪%) | ২৪% |
| ১৭. | তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্প (বিএডিসি অঙ্গ)। | জুলাই '২০-জুন '২৬ | ২৩.২৭ | ২.২০ | ১.৬৫ (৭৫%) | ০.৯৩ (৪২%) | ৮০% | ২১.৯৫ (৯৪%) | ৯৯% |
| ১৮. | ধান, গম ও ভূট্টার উন্নততর বীজ উৎপাদন ও উন্নয়ন প্রকল্প। | মার্চ '২৫-জুন '২৯ | ৪৭৪.৬৮ | ২১০.০৯ | ১৬৯.৪৭ (৮১%) | ১৪১.৬২ (৬৭%) | ৭৫% | ১৪১.৬২ (৩০%) | ৩২% |
| ১৯. | বিএডিসি'র বিদ্যমান বীজ উৎপাদন, প্রক্রিয়াজতকরণ ও বিতরণ ব্যবস্থাদির আধুনিকীকরণ এবং উন্নয়ন প্রকল্প। | মার্চ '২৫- জুন '২৯ | ২৯২.৮৬ | ৬২.০০ | ২৬.২০ (৪২%) | ২৬.২০ (৪২%) | ৮০% | ২৬.২০ (৯%) | ১২% |
| ২০. | নোয়াখালী জেলার সুবর্ণচর উপজেলায় ডাল ও তৈলবীজ বর্ধন খামার আধুনিকীকরণ এবং চুক্তিবদ্ধ চাষিদের মাধ্যমে বীজ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ প্রকল্প। | এপ্রিল'২০-ডিসে.'২৫ | ৪৬.১৫ | ১.৫৩ | ১.৫৩ (১০০%) | ১.৫৩ (১০০%) | ১০০% | ৪৫.৫৪ (৯৯%) | ১০০% |
| | | | মোট= | ১৭৪২.৮৮ | ১২৪৯.৬৩ (৭২%) | ১১২৯.৫৩ (৬৫%) | | | |

২.৩: ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের এপ্রিল, ২০২৬ পর্যন্ত দরপত্র অগ্রগতি:

| ক্র. নং | কার্যক্রমের নাম | দরপত্র/ প্যাকেজ/ কোটেশনের মোট সংখ্যা | আহবান মোট সংখ্যা | ই-জিপির মাধ্যমে আহ্বানের মোট সংখ্যা | কার্যাদেশ প্রদানের সংখ্যা | ই-জিপির মাধ্যমে কার্যাদেশ প্রদানের সংখ্যা | মন্তব্য প্রতিবেদনাধীন মাস পর্যন্ত |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | উন্নতমানের দানাশস্য বীজ সংগ্রহ, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ কার্যক্রম | ৪২০ | ১০৭ | ১০৭ | ৯৯ | ৯৬ | |
| ০২ | বীজ বর্ধন খামারের মাধ্যমে উন্নতমানের দানাশস্য বীজ উৎপাদন কার্যক্রম | ৮ | ৬ | ৫ | ৫ | ৪ | |
| ০৩ | চুক্তিবদ্ধ চাষিদের মাধ্যমে উন্নতমানের দানাশস্য বীজ উৎপাদন কার্যক্রম | ০ | ০ | ০ | ০ | ০ | |
| ০৪ | পাটবীজ কার্যক্রম | ৯ | ৮ | ৮ | ৮ | ৮ | |
| ০৫ | এগ্রো সার্ভিস সেন্টার কার্যক্রম | ০ | ০ | ০ | ০ | ০ | |
| ০৬ | জাতীয় সবজি বীজ কার্যক্রম | ১ | ০ | ০ | ০ | ০ | |
| ০৭ | বীজের আপৎকালীন মজুদ ও তার ব্যবস্থাপনা কার্যক্রম | ১৫ | ৬ | ০ | ৬ | ০ | |
| | মোট= | ৪৫৩ | ১২৭ | ১২০ | ১১৫ | ১০৮ | |

২.৪: ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়নাধীন কার্যক্রমসমূহের এপ্রিল, ২০২৬ পর্যন্ত আর্থিক ও ভৌত অগ্রগতি (কোটি টাকা)

| ক্র. নং | কার্যক্রমের নাম | বরাদ্দ (২০২৫-২৬) | | | এপ্রিল, ২০২৬ পর্যন্ত অগ্রগতি | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | জিওবি | নিজস্ব | মোট | অবমুক্তি | ব্যয় | ভৌত |
| ০১. | বীজবর্ধন খামারের মাধ্যমে উন্নতমানের দানাশস্য বীজ উৎপাদন কার্যক্রম। | ১৮.০০ | ১১২.০০ | ১৩০.০০ | ৭০.০০ (৫৪%) | ৮৩.০০ (৬৪%) | ৮০% |
| ০২. | চুক্তিবদ্ধ চাষিদের মাধ্যমে উন্নতমানের দানাশস্য বীজ উৎপাদন কার্যক্রম। | ৬.৫০ | ৯.৫০ | ১৬.০০ | ৯.৬৩ (৬০%) | ৮.৭১ (৫৪%) | ৭৮% |
| ০৩. | উন্নতমানের দানাশস্য বীজ সংগ্রহ, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ কার্যক্রম। | ৯৪.০০ | ৪২৭.৯২ | ৫২১.৯২ | ২৮৪.৪৬ (৫৫%) | ৩৫৪.৪৯ (৬৮%) | ৮০% |
| ০৪. | পাটবীজ কার্যক্রম। | ১৬.০০ | ৩৯.৫০ | ৫৫.৫০ | ৩৫.৭৫ (৬৪%) | ৩৫.৭৫ (৬৪%) | ৮৮% |
| ০৫. | এগ্রো সার্ভিস সেন্টার কার্যক্রম। | ৭.০০ | ৮.৩০ | ১৫.৩০ | ৯.৪০ (৬১%) | ৯.৪০ (৬১%) | ৮৩% |
| ০৬. | জাতীয় সবজি বীজ কার্যক্রম। | ৮.০০ | ৫.৬১ | ১৩.৬১ | ৮.৮০ (৬৫%) | ৯.৮৬ (৭২%) | ৭২% |
| ০৭. | বীজের আপৎকালীন মজুদ ও তার ব্যবস্থাপনা কার্যক্রম। | ১০.৫০ | ৪২.৫০ | ৫৩.০০ | ৩৩.৪৬ (৬৩%) | ৩১.৬৪ (৬০%) | ৭৫% |
| | সর্বমোট= | ১৬০.০০ | ৬৪৫.৩৩ | ৮০৫.৩৩ | ৪৫১.৫০ (৫৬%) | ৫৩২.৮৫ (৬৬%) | |

৩. উপস্থাপিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৩.১ | মুন্সীগঞ্জ সদরের কমলাঘাটে অবস্থিত বিএডিসি'র মালিকানাধীন/দখলে থাকা জমি সরেজমিন পরিদর্শনপূর্বক ১৫ জুন, ২০২৬ তারিখের মধ্যে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন চেয়ারম্যান, বিএডিসি বরাবর দাখিলের জন্য যুগ্মপরিচালক (সার), বিএডিসি, ঢাকা, ব্যবস্থাপক (উন্নয়ন), মহাব্যবস্থাপক (বীজ) দপ্তর এবং সহকারী প্রধান প্রকৌশলী-১, নির্মাণ বিভাগ এর সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে। | মহাব্যবস্থাপক (সার), বিএডিসি। |
| ৩.২ | বিএডিসি'র সকল কার্যক্রমের ওপর কেন্দ্রীয়ভাবে ডকুমেন্টারি প্রস্তুতের জন্য সদস্য পরিচালক (বীজ ও উদ্যান)-কে আহবায়ক করে গঠিত কমিটি বিটিভির মাধ্যমে ধারণকৃত প্রামাণ্যচিত্রের ওপর প্রয়োজনীয় এডিটিংসহ একটি প্রতিবেদন আগামী ৩১ মে, ২০২৬ তারিখের মধ্যে চেয়ারম্যান, বিএডিসি বরাবর দাখিল করবে। | ১. সংশ্লিষ্ট কমিটি,<br>২. সকল প্রকল্প/কার্যক্রম পরিচালক,<br>৩. জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি। |
| ৩.৩ | (ক) বিএডিসি'র ইউটিউব চ্যানেল 'বিএডিসি কৃষিসেবা'য় নিয়মিত তথ্য/ডকুমেন্ট প্রচার অব্যাহত রাখতে হবে।<br>(খ) এছাড়াও বিএডিসি'র সকল কর্মকর্তা-কর্মচারী এবং স্টেক হোল্ডারকে সামাজিক যোগাযোগ মাধ্যমে বিএডিসি'র গ্রুপ, পেজ ও চ্যানেলে সম্পৃক্ত করতে হবে। সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারকারী বিএডিসি'র সকল কর্মকর্তা-কর্মচারীদের বাধ্যতামূলকভাবে উক্ত গ্রুপ, পেজ ও চ্যানেলে সংযুক্ত করার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও দপ্তর প্রধানগণকে উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১. সংশ্লিষ্ট কমিটি,<br>২. জনসংযোগ কর্মকর্তা,<br>৩. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল,<br>৪. বিভাগীয় প্রধান/দপ্তর প্রধান, বিএডিসি। |
| ৩.৪ | বিএডিসি কর্তৃক বিভিন্ন উদ্যান উন্নয়ন কেন্দ্রে স্থাপিত ভিয়েতনামী নারিকেলের মাতৃবাগানগুলো থেকে কোন আউটপুট না পাওয়ায় এ বিষয়ে সংস্থার করণীয় নির্ধারণের জন্য সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ)-কে আহবায়ক করে গঠিত কমিটিকে আগামী ১০ জুন, ২০২৬ তারিখের মধ্যে চেয়ারম্যান, বিএডিসি বরাবর প্রতিবেদন দাখিল করতে হবে। | ১. সংশ্লিষ্ট কমিটি,<br>২. ব্যবস্থাপক (উদ্যান), বিএডিসি। |
| ৩.৫ | চলতি ২০২৫-২৬ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পের শতভাগ কাজ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। এ বিষয়ে ঠিকাদারের কোন গাফিলতি পরিলক্ষিত হলে কারণ দর্শানো নোটিশ প্রদানসহ ঠিকাদারের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক,<br>২. মহাব্যবস্থাপক (বীজ/সার),<br>৩. প্রধান প্রকৌশলী (সেচ), বিএডিসি। |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/৫/২০২৬

মোঃ আজিজুল ইসলাম
(অতিরিক্ত সচিব)
চেয়ারম্যান, বিএডিসি